



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি-১)

কাল থেকে চসিক পরিচালিত বিনামূল্যে

আইসোলেশন সেন্টারের কার্যক্রম শুরু

চট্টগ্রাম-০৫ এপ্রিল'২০২১খ্রিঃ.

আগামীকাল মঙ্গলবার বেলা ১২টায় থেকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ব্যবস্থাপনায় লালদিঘী পাড়স্থ চসিক পাবলিক লাইব্রেরী ও দূর্যোগ ব্যবস্থাপনা ভবনে অবনতিশীল করোনা সংক্রমণ পরিস্থিতি মোকাবেলায় ৫০ শয্যা বিশিষ্ট আইসোলেশন সেন্টারের কার্যক্রম শুরু হবে। এই কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী। উল্লেখ্য, আইসোলেশন সেন্টারের জন্য চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যকর্মীসহ প্রয়োজনীয় লোকবল ইতোমধ্যেই নিয়োজিত করা হয়েছে। এছাড়া শয্যা, ওষুধপত্রসহ চিকিৎসা সরঞ্জাম, অক্সিজেন সিলিন্ডার ও সার্বক্ষণিক এ্যাম্বুলেন্স সার্ভিস এতে সংযোজন করা হয়েছে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরীর সামগ্রিক নির্দেশনা ও পরিচালনায় এবং ডা. সুমন তালুকদারের তত্ত্বাবধানে পরিচালিত এই আইসোলেশন সেন্টারে কোভিড-১৯ আক্রান্তরা বিনামূল্যে চিকিৎসা সেবা গ্রহণ করতে পারবেন।

(প্রেস বিজ্ঞপ্তি-২)

লকডাউন চলাকালে

চসিকের মোবাইল কোর্ট অভিযান

চট্টগ্রাম-০৫ এপ্রিল'২০২১খ্রিঃ.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার সকালে মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে নগরীর কোতোয়ালী থানাধীন কাজীর দেউরী, লাভলেইন, জুবলী রোড, নিউ মার্কেট, রেল স্টেশন ও স্টেশন রোড এলাকায় করোনা ভাইরাসজনিত রোগের বিস্তার রোধে সরকার কর্তৃক ঘোষিত লকডাউনের নিষেধাজ্ঞা অমান্য করে মাস্ক না পরে বাইরে বের হওয়ায় নয় জনকে এক হাজার দুইশত টাকা এবং মেশিনারি দোকান খোলা রাখায় দোকান মালিককে এক হাজার টাকাসহ সর্বমোট দুই হাজার দুইশত টাকা জরিমানা করা হয়। অভিযানে মাস্ক বিহীন লোকজনকে মাস্ক বিতরণ করা হয় এবং জনসাধারণকে মাস্ক পরাসহ স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে সচেতন করা হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী ও স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা ও দায়রা জজ) জাহানারা ফেরদৌসের নেতৃত্বে এই মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করে।

সংবাদদাতা

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪৪-৪৭৭৬৯৩